**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্যে কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যে সরকার কৃষকদের কাছ থেকে বছরে দু'বার ন্যূনতম সহায়কমূল্যে ধান ক্রয় করছে ।**

**(২) লোকসভায় শপথ নিলেন বিপ্লব কুমার দেব ও কৃতি দেবী দেববর্মণ ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ১৯৭৫ সালে জরুরী অবস্থা প্রতিরোধকারী সমস্ত মহান পুরুষ ও মহিলাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন ।**

**(৪) রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপের শেষ খেলায় আজ সদর জয়লাভ করেছে ।**

****************************************

**MSP-Food Minister :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্যে কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যে সরকার কৃষকদের কাছ থেকে বছরে দু'বার ন্যূনতম সহায়কমূল্যে ধান ক্রয় করছে। আজ মাধববাড়ি খাদ্য গুদামে ন্যূনতম সহায়কমূল্যে ধান ক্রয় অনুষ্ঠানের সূচনা করে তিনি একথা বলেন। তিনি বলেন, বছরে দু'বার ন্যূনতম সহায়কমূল্যে

ধান ক্রয় কমর্সূচী কৃষকদের আত্মনির্ভরে করে তুলতে সরকারের এক যুগান্তকারী পদক্ষেপ। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান প্রীতম দেবনাথ এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা শরদিন্দু দাস।

উল্লেখ্য, এই ধান ক্রয় কেন্দ্রে আগামী ২৯ জুন পর্যন্ত ৫ দিনে ৫১৮ দশমিক তিন তিন মেট্রিকটন ধান ক্রয় করার লক্ষ্যমাত্রা রয়েছে। কৃষকদের কাছ থেকে প্রতি কুইন্টাল ধান ২,১৮৩ টাকা দরে ক্রয় করা হচ্ছে।

*************************

**Project Monitoring :**

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে যে সমস্ত উন্নয়নমূলক কাজ চলছে, সেই কাজগুলিকে পরিকাঠামো এবং আর্থিকভাবে সমৃদ্ধ করার লক্ষ্যে নতুনভাবে প্রজেক্ট মনিটরিং ইউনিট চালু করার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। আজ সচিবালয়ে অর্থমন্ত্রী প্রণজিত সিংহ রায়ের পৌরহিত্যে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মন্ত্রী শ্রী সিংহ রায়, আর্নস্ট এন্ড ইয়ং কোম্পানীর কর্মকর্তারা প্রজেক্ট মনিটরিং ইউনিটের কাজকর্ম কিভাবে চালাবেন তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি জানান, আগামী তিন বছরের জন্য আর্নস্ট এন্ড ইয়ং কোম্পানিকে প্রজেক্ট মনিটরিং এর দ্বায়িত্ব দেওয়া হয়েছে।

******************************

**Oath Taking :**

লোকসভা নির্বাচনে পশ্চিম ত্রিপুরা আসন থেকে নির্বাচিত বিপ্লব কুমার দেব ও পূর্ব ত্রিপুরা সংরক্ষিত আসন থেকে নির্বাচিত কৃতি

দেবী দেববর্মণ আজ নয়াদিল্লির সংসদ ভবনে সাংসদ হিসাবে শপথ গ্রহণ করেন। শপথ গ্রহনের পর সাংসদ বিপ্লব কুমার দেব বলেন,

########Byte#######

******************************

**Inauguration :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ ঊনকোটি জেলার কাঞ্চনবাড়িতে ভারত সরকারের বা I.C.D.P'র অর্থানুকুল্যে নবনির্মিত দশটি মার্কেট স্টলের উদ্বোধন করেন এবং কাঞ্চনবাড়ি গ্রামীণ হাটের শিলান্যাস করেন। সুসংহত সমবায় বিকাশ প্রকল্পে ব্যয় হয়েছে ৪৩ লক্ষ টাকা। কাঞ্চনবাড়ি গ্রামীণ হাটের জন্য নাবার্ড থেকে ১৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, নাবার্ড'র জেনারেল ম্যানেজার অনিল,এস,কোটমিরে প্রমুখ।

****************************

**Press Meet-Kharchi Mela :**

আগামী ১৪ই জুলাই থেকে চতুর্দশ দেবতা মন্দির প্রাঙ্গণে শুরু হবে সপ্তাহব্যাপী ঐতিহ্যবাহী খার্চি উৎসব ও মেলা মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ১৪ই জুলাই সকাল সাড়ে এগারোটায় খার্চি উৎসব ও মেলার উদ্বোধন করবেন। এবারের খার্চি মেলার মূল থিম 'সবুজই ভবিষ্যৎ'। আজ পুরাতন আগরতলা ব্লক কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে খার্চি উৎসব ও মেলা কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক রতন চক্রবর্তী একথা বলেন।

তিনি জানান, এ বছরের খার্চি উৎসবে মেলা কমিটির উদ্যোগে দর্শনার্থী ও পূন্যার্থীদের মধ্যে প্রায় ১৫ হাজার বিভিন্ন গাছের চারা বিতরণ করা হবে। পরিবেশ সুরক্ষায় সচেতনতা গড়ে তুলতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। উৎসব ও মেলার দিনগুলিতে আইন-শৃঙ্খলা রক্ষায় টিএসআর জওয়ানদের সঙ্গে স্কাউটস এন্ড গাইডস'র সদস্যরাও থাকবেন। তাছাড়া উৎসব ও মেলা উপলক্ষে খয়েরপুর এলাকার প্রতিভাবান ছাত্রছাত্রী, খেলোয়াড় ও দিব্যাঙ্গজনদের সংবর্ধনা দেওয়া হবে।

**************************

**Khowai District Level-TRLM :**

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের খোয়াই জেলা শাখার উদ্যোগে মিশনের বার্ষিক পরিকল্পনা ও তার বাস্তবায়ন নিয়ে দু'দিনব্যাপী জেলাভিত্তিক আলোচনাচক্র আজ সম্পন্ন হয়েছে। আলোচনাচক্রে উপস্থিত ছিলেন খোয়াই জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের রাজ্য সঞ্চালক কণিকা দেববর্মা, জেলার বিভিন্ন ব্লকের বিডিওগণ প্রমুখ। আলোচনাচক্রে জেলাশাসক বলেন, গ্রামীণ এলাকার মানুষের জীবন জীবিকা ও আর্থসামাজিক মানোন্নয়নে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এই মিশনের কর্মসূচিতে গ্রামীণ এলাকার মহিলাদের স্বসহায়ক দলের সাথে যুক্ত করে তাদের আত্মনির্ভর করে তোলা হচ্ছে।

*******************************

**International Anti-Drug Day :**

আগামীকাল আন্তর্জাতিক মাদক অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবস অর্থাৎ আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস। এবছর দিবসটির থিম হচ্ছে, "এটা স্পষ্ট প্রামাণ্য যে, প্রতিরোধের ওপরই সর্বাধিক পদক্ষেপ করতে হবে।" এ দিনটি পালন করতে আগামীকাল সকাল সাতটায় পুলিশ এবং মাদক নিয়ন্ত্রণ বিভাগ বা এন সি বি-র যৌথ উদ্যোগে আগরতলায় এক সচেতনতামূলক মোটর-সাইকেল যাত্রাঅনুষ্ঠিত হবে। আই জি ক্রাইম ব্রাঞ্চ এল ডারলং জানান, আগরতলার হেরিটেজ পার্ক থেকে থেকে এই রেলি শুরু হবে এবং শহরের বিভিন্ন পথ পরিক্রমা করবে।

আকাশবাণীর ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, ঊনকোটি জেলাতেও এই দিবসটি পালনের প্রস্তুতি চলছে। ঊনকোটি জেলার প্রত্যেকটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস পালন করা হবে বলে জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার জানিয়েছেন। এদিকে পুলিশ প্রশাসন থেকে জেলার থানাস্তরে দিবসটি পালন করা হবে বলে পুলিশ সুপারের অফিস সূত্রে জানা গেছে।

এদিকে, আকাশবাণীর সিপাহীজলা জেলার সংবাদদাতা অভিজিৎ বর্ধন জানিয়েছেন, সিপাহীজলা জেলা প্রশাসনের সহায়তায় ও জেলা শিক্ষা বিভাগের উদ্যোগে আগামীকাল বিশালগড় পুরাতন টাউন হলে আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস পালন করা হবে।

উদ্বোধন করবেন বিধায়ক সুশান্ত দেব। উপস্থিত থাকবেন বিধায়ক অন্তরা সরকার দেব, বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরকায়স্ত, জেলা স্বাস্থ্য আধিকারিক, অতিরিক্ত জেলাশাসক প্রমুখ।

আকাশবাণীর দক্ষিণ জেলার সংবাদদাতা বিপ্লব বৈদ্য জানিয়েছেন, আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস উপলক্ষে আজ বিলোনিয়ায় অগ্নিবীনা হলে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। দক্ষিণ জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি আয়োজিত আলোচনাচক্রের সূচনা করেন দক্ষিণ জেলার জিলা পরিষদের সভাধিপতি কাকলি দাস দত্ত। দক্ষিণ জেলার জেলা শাসক ডা: সিদ্ধার্থ শিব জয়সওয়াল, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ, জেলা সমাজ কল্যাণ পরিদর্শক প্রবীর দেববর্মা প্রমুখ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

**************************

**Beti Banchao Beti Padao :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ আমবাসা টাউন হলে বালিকা মঞ্চ জেলাভিত্তিক সচেতনতা কর্মসূচির আয়োজন করা হয়। কমলপুর মহকুমা শাসক এল. ডার্লিং এই কর্মসূচির সূচনা করেন। জেলা সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিক শঙ্খ শুভ্র সেন জানিয়েছেন, বেটি বাঁচাও বেটি পড়াও এই কর্মসূচির একটি নতুন উদ্যোগ হচ্ছে বালিকা মঞ্চ। এই কর্মসূচিকে আরো শক্তিশালী করার লক্ষ্যে জেলার শতাধিক বিদ্যালয়ে কমিটি গঠন করা হয়। বাল্যবিবাহ রোধে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করার লক্ষ্যেই বিদ্যালয়ের স্তরে এ ধরনের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

******************************

**Election department statement :**

রাজ্যে আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের জন্য প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় মোট ভোটার রয়েছেন ১২ লক্ষ ৯৪ হাজার ৭ জন। তার মধ্যে পুরুষ ভোটার ৬ লক্ষ ৫৮ হাজার ৫৮৯ জন, মহিলা ভোটার ৬ লক্ষ ৩৫ হাজার ৪৬০ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ১১ জন। রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী আজ এসংবাদ জানান।

****************************

**Governor-PM :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে এক সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। রাজ্যপাল গতকাল নয়াদিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিতশাহের সঙ্গেও সাক্ষাৎ করেন।

****************************

**Sushanta Choudhury Shantiniketan Medical College :**

আইজিএম হাসপাতালকে সম্পূর্ণ বে-আইনিভাবে একটি বেসরকারী সংস্থার হাতে তুলে দেওয়ার প্রক্রিয়া চলছে বলে গতকাল মুখ্যমন্ত্রীকে লেখা এক চিঠিতে সিপিএম রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী অভিযোগ করেছেন তা সম্পূর্ণ ভিত্তিহীন বলে মন্তব্য করেছেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। তিনি আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে জানান, কেন্দ্রীয় সরকার এবং মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া গাইডলাইন মেনেই রাজ্য সরকার একটি বেসরকারী মেডিক্যাল কলেজকে

আপাতত আই.জি.এম হাসপাতালে পঠন পাঠন চালিয়ে যাবার সুযোগ দেবার সিদ্ধান্ত নিয়েছে।

******************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ১৯৭৫ সালে জরুরী অবস্থা প্রতিরোধকারী সমস্ত মহান পুরুষ ও মহিলাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায়, শ্রী মোদি বলেছেন যে, এই দিনটি আমাদের মনে করিয়ে দেয় যে কংগ্রেস দল কীভাবে মৌলিক স্বাধীনতাকে নষ্ট করেছে এবং ভারতের সংবিধানকে পদদলিত করেছে, যা প্রত্যেক ভারতীয় অত্যন্ত সম্মান করে। প্রধানমন্ত্রী বলেছেন, তৎকালীন কংগ্রেস সরকার সব গণতান্ত্রিক রীতিনীতিকে উপেক্ষা করে দেশকে কারাগারে পরিণত করেছিল।

******************************

**Black Day :**

বিজেপি সদর(শহর) জেলা কমিটির উদ্যোগে আজ কালা দিবস পালন করা হয়। এই উপলক্ষে আজ বটতলা বাজার এলাকা থেকে সদর শহর জেলা সভাপতি অসীম ভট্টাচার্যের নেতৃত্বে এক মিছিল শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

*************************

**Black Day-South, Khowai :**

বিজেপি'র উদ্যোগে আজ শান্তিরবাজারের মনপাথর বাজারে ও তেলিয়ামুড়ার চাকমাঘাটে কালা দিবস পালন করা হয়। মনপাথর

বাজারে বিক্ষোভ মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। চাকমাঘাট কমিউনিটি হলে এক সেমিনারের আয়োজন করা হয়।

***************************

**Loksabha Speaker :**

বর্ষীয়াণ বিজেপি সাংসদ ওম বিড়লা লোকসভার অধ্যক্ষ পদের জন্য এনডিএ মনোনীত প্রার্থী হয়েছেন। অন্যদিকে বিরোধী জোটের প্রার্থী হয়েছেন কংগ্রেস সাংসদ কে. সুরেশ। উভয় প্রার্থীই আজ স্পিকার পদে মনোনয়নপত্র জমা দিয়েছেন, আগামীকাল অধ্যক্ষ পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, স্বাধীনতার পর থেকে লোকসভার অধ্যক্ষ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন এবং সম্ভবত এই প্রথম এই পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা হবে।

*************************

**Tripura University-Seminar :**

ন্যাশনাল এসোসিয়েশন অব ফিজিক্যাল এডুকেশন অ্যান্ড স্পোর্টস সায়েন্সের সহযোগিতায় এবং ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের শারীর শিক্ষা বিভাগ ও কমলপুর মহাবিদ্যালয়ের শারীর শিক্ষা বিভাগের উদ্যোগে আজ ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে শারীর শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞানের উন্নত ধারণা এবং কর্মক্ষমতা, সুস্থতা ও সমাজের রূপান্তরের উপর তিন দিনের আন্তর্জাতিক সম্মেলনের সূচনা হয়। উপস্থিত ছিলেন ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী টিঙ্কু রায়, উচ্চশিক্ষা অধিকর্তা এন সি শর্মা প্রমুখ। ভারতের বিভিন্ন রাজ্য এবং বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় ষাট-সত্তরজন জাতীয় ও আন্তর্জাতিক প্রতিনিধি আমন্ত্রিত বক্তা, বিশেষ আমন্ত্রিত ও চেয়ারপারসন হিসেবে এই তিনদিনের সম্মেলনে উপস্থিত হয়েছেন।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন আঠাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল পঁয়ত্রিশ দশমিক তিন ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন সাতাশ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

****************************

**State wise cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপের শেষ খেলায় আজ সদর জয়লাভ করেছে। নরসিংগড়ের পিটিএ মাঠে অনুষ্ঠিত খেলায় সদর ৮ উইকেটে কমলপুরকে হারিয়ে দেয়।

**************************

**Women's Football :**

মহিলাদের ঘরোয়া ফুটবল লিগের আজকের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত জম্পুইজলা প্লে সেন্টার ও বিশ্রামগঞ্জ প্লে সেন্টারের মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়। জম্পুইজলার পক্ষে পোখিলা বোরা ও বিশ্রামগঞ্জের পক্ষে লিসাম লক্ষ্মী দেবী গোল করেন।

*************************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার খেলায় আজ বিবেকানন্দ ক্লাব ৫-০ গোলে স্বামী বিবেকানন্দ ক্লাবকে পরাজিত করে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় বিবেকানন্দ ক্লাবের পক্ষে জুয়েল দেববর্মা হ্যাটট্রিক করে। এছাড়া অপর দুটি গোল করে বিপুল জমাতিয়া ও রাজেশ জমাতিয়া। একই মাঠে জম্পুইজলা প্লে সেন্টার ও পান্‌থুই স্পোর্টস সোসাইটির অপর খেলাটি ১-১ গোলে ড্র হয়। জম্পুইজলার পক্ষে জীমেন জমাতিয়া এবং পান্‌থুইয়ের পক্ষে নেইলসন ত্রিপুরা একটি করে গোল করে।

*************************